গাংনীতে জয়িতাদের সংবর্ধনা ও আলোচনা সভা অনুষ্ঠিত॥

বেগম রোকেয়া দিবস ও আন্তর্জাতিক নারী নির্যাতন প্রতিরোধ পক্ষ উদযাপন উপলক্ষে মেহেরপুরের গাংনীতে জয়িতাদের সংবর্ধনা ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।
সোমবার সকাল ১০টার দিকে দিবসটি উপলক্ষে আলোচনা সভা শুরুর আগে মানব বন্ধন করেছে অনুষ্ঠানটির আয়োজক উপজেলা প্রশাসন ও উপজেলা মহিলা বিষয়ক কার্যালয়।
পরে আলোচনা সভায় প্রধান অতিথির বক্তব্য রাখেন উপজেলা পরিষদের চেয়ারম্যান ও জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক এম এ খালেক। উপজেলা ভূমি কর্মকর্তা ইয়ানুর রহমানের সভাপতিত্বে ও মহিলা বিষযক কর্মকর্তা নাসিমা খাতুনের সঞ্চালনায় বিশেষ অতিথির বক্তব্য রাখেন গাংনী থানার ভার প্রাপ্ত কর্মকর্তা (ওসি তদন্ত) সাজেদুর রহমান, মহিলা ভাইস চেয়ারম্যান ফারহানা ইয়াসমীন, জেলা আওয়ামী লীগের মহিলা বিষয়ক সম্পাদিকা নুরজাহান বেগম, উপজেলা দূর্নীতি প্রতিরোধ কমিটির সভাপতি ও সন্ধানী সংস্থার নির্বাহি পরিচালক মহাঃ আবু জাফর, উপজেলা যুবলীগের সভাপতি মোঃ মোশাররফ হোসেন প্রমুখ। আলোচনা শেষে পাঁচজন জয়িতা এ উপজেলার চিৎলা গ্রামের মোঃ গোলাম ফারুকের স্ত্রী মোছাঃ লূৎফন্নাহার শিল্পী, পূর্ব মালসাদহ গ্রামের মিজানুর রহমানের স্ত্রী মোছাঃ আশরাফুন্নেছা, কাজিপুর গ্রামের কাজি আঃ রাজ্জাকের স্ত্রী মোছাঃ পারভীন আকতার, বামন্দী গ্রামের মৃত আঃ মজিদের স্ত্রী মোছাঃ রেহেনা খাতুন ও নিত্যানন্দপুর গ্রামের বেঞ্জামিন বিশ্বাসের স্ত্রী মিসেস যুথিকা বিশ্বাস এই পাঁচ জনের হাতে পুরুষ্কার তুলে দেন প্রধান অতিথি এম এ খালেক।

মেহেরপুর প্রতিনিধি:

মেহেরপুর জেলা জাতীয়তাবাদী আইনজীবী ফোরামের বিজয়ী সদস্যদের সংবর্ধনা

মেহেরপুর জেলা আইনজীবি সমিতি নির্বাচনে জাতীয়তাবাদী আইনজীবী ফোরাম প্যানেল জয়লাভ করায় সংবর্ধনা দেওয়া হয়েছে। শনিবার সকালে জেলা বিএনপির কার্যালয়ের সামনে এ সংবর্ধনা অনুষ্ঠানের আয়োজন করা হয়।

সভাপতি ও সাধারন সম্পাদকসহ ১৫টি পদের মধ্যে ৯টিতে বিএনপি সমর্থিত সভাপতি নির্বাচিত হন অ্যাড. মারুফ আহমেদ বিজন ও সাধারন সম্পাদক আবু সালেহ মো: নাসিম।

সংবর্ধনা অনুষ্ঠানে জেলা বিএনপির সভাপতি মাসুদ অরুন বলেন, এই বিজয় আইনের শাসন প্রতিষ্ঠা ও দেশনেত্রী বেগম খালেদা জিয়ার মুক্তির সংগ্রামকে বেগবান করবে।

এসময় অন্যদের বক্তব্য দেন জেলা বিএনপির সিনিয়র সহ-সভাপতি জাভেদ মাসুদ মিল্টনসহ জেলা বিএনপি ও আইনজীবি ফোরামের নেতৃবৃন্দ।
– মেহেরপুর প্রতিনিধি

চেয়ারম্যান শেখ ফজলে শামস পরশ, সাধারণ সম্পাদক মাইনুল হোসেন খান নিখিল

যুবলীগের প্রতিষ্ঠাতা শেখ ফজলুল হক মনির ছেলে শেখ ফজলে শামস পরশ সংগঠনটির চেয়ারম্যান নির্বাচিত হয়েছেন। এছাড়া সাধারণ সম্পাদক নির্বাচিত হয়েছেন মাইনুল হোসেন খান নিখিল। আগামী তিন বছর তারা সংগঠনটির দায়িত্ব পালন করবেন।

শনিবার রাজধানীর সোহরাওয়ার্দী উদ্যানে যুবলীগের ৭ম কংগ্রেস শেষে দ্বিতীয় অধিবেশনে ইঞ্জিনিয়ার্স ইন্সটিটিউশনে তাদের নাম ঘোষণা করেন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ওবায়দুল কাদের।

পরশ যুবলীগের প্রতিষ্ঠাতা চেয়ারম্যান শেখ ফজলুল হক মনির বড় ছেলে। এছাড়া নিখিল ঢাকা মহানগর উত্তর যুবলীগের সভাপতি হিসেবে দায়িত্ব পালন করছিলেন। ঢাকা মহানগর উত্তর যুবলীগের সভাপতির দায়িত্ব পালন করছিলেন নিখিল।

তৃণমূল থেকে উঠে আসা এ যুবনেতা বৃহত্তর লালবাগ থানা ছাত্রলীগের সক্রিয় সদস্য হিসেবে রাজনীতিতে জড়ান। পরে মিরপুরে ওয়ার্ড যুবলীগের যুগ্ম আহ্বায়ক থেকে মহানগর ও কেন্দ্রীয় পর্যায়ে নেতৃত্ব দেন। ধার্মিক ও পরোপকারী ব্যক্তি হিসেবে তার ক্লিন ইমেজ রয়েছে।

খালেদা জিয়ার মুক্তির দাবিতে মেহেরপুর জেলা বিএনপির বিক্ষোভ সমাবেশ

বেগম খালেদা জিয়ার মুক্তির দাবীতে কেন্দ্রীয় কর্মসূচীর অংশ হিসাবে মেহেরপুর জেলা বিএনপি’র বিক্ষোভ সমাবেশ অনুষ্ঠিত হয়। আজ শনিবার সকাল ১০টায় সমাবেশে সভাপতিত্ব করেন জেলা বিএনপির সভাপতি মাসুদ অরুন। সমাবেশ পরিচালনা করেন পৌর বিএনপির সভাপতি জাহাঙ্গীর বিশ্বাস।
অন্যদের মধ্যে বক্তব্য দেন জেলা বিএনপির সহ-সভাপতি আব্দুর রহমান, আনছারুল হক, ইলিয়াছ হোসেন প্রমুখ।
সভাপতির বক্তব্যে মাসুদ অরুন বলেন, জোর যার মুল্লুক তার এই তথ্যে বিশ্বাসীরাই দেশের সকল গণতান্ত্রিক প্রতিষ্ঠানকে ধ্বংস করে ফেলেছে। জুয়াড়ি, লুটেরাদের হাতে দেশ জিম্মি। তিনি আরো বলেন, জেলের তালা ভাঙ্গবো খালেদা জিয়াকে আনবো। এই পরিস্থিতি তৈরী হওয়ার আগেই সরকারের উচিত আইনকে স্বাভাবিক গতিতে চলতে দেওয়া।

-নিজস্ব প্রতিনিধি

কুড়ুলগাছি ইউনিয়ন আওয়ামী লীগের ত্রি-বার্ষিক সম্মেলন

চুয়াডাঙ্গা জেলার দামুড়হুদা উপজেলার কুড়ুলগাছি ইউনিয়ন আওয়ামী লীগের ত্রি-বার্ষিক সম্মেলন গতকাল বুধবার বিকাল ৩ ঘটিকার সময় কুড়ুলগাছি ইউনিয়ন পরিষদ চত্তরে অনুষ্ঠিত হয়।
কুড়ুলগাছি ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি আবুল হোসেন মিয়ার সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা জেলা আওয়ামী লীগের সভাপতি ০১ আসনের মাননীয় সংসদ সদস্য সোলায়মান হক জোয়ার্দ্দার সেলুন।
বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা জেলা আওয়ামী লীগের সহ- সভাপতি ০২ আসনের মাননীয় সংসদ সদস্য হাজী আলী আজগর টগর।
বিশেষ অতিথি হিসাবে আরো উপস্থিত ছিলেন জেলা আওয়ামী লীগের সহ-সভাপতি রহমতুল্লাহ, জেলা আওয়ামী লীগের সাংগঠনিক সম্পাদক মাসুদুজ্জামান লিটু, অনুষ্ঠানে উদ্বোধক হিসাবে উপস্থিত ছিলেন দামুড়হুদা উপজেলা আওয়ামী লীগের সভাপতি সিরাজুল আলম ঝন্টু, প্রধান বক্তা হিসাবে উপস্থিত ছিলেন দামুড়হুদা উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক সাবেক জেলা পরিষদ প্রশাসক মাহফুজ্রু রহমান মঞ্জু। এসময় আরো উপস্থিত ছিলেন দর্শনা পৌর আওয়ামী লীগের দপ্তর সম্পাদক দামুড়হুদা উপজেলা পরিষদ চেয়ারম্যান আলী মুনসুর বাবু, দর্শনা পৌর আওয়ামী লীগের সাধারণ সম্পাদক দর্শনা পৌর মেয়র মতিয়ার রহমান, দামুড়হুদা উপজেলা আওয়ামী লীগের সাংগঠনিক সম্পাদক সাংগঠনিক সিরাজুল ইসলাম, যুগ্ম সম্পাদক পারকৃষ্ণপুর মদনা ইউপি চেয়ারম্যান এস এম জাকারিয়া আলম, গোলাম ফারিক আরিফ। কুড়ুলগাছি ইউনিয়ন আওয়ামী লীগ ডা. ফজলুল হক, কুড়ুলগাছি ইউনিয়ন যুবলীগের সভাপতি দেলোয়ার হোসেন বিপু, সাধারণ সম্পাদক কামরুজ্জামান রিপন, কার্পাসডাঙ্গা ইউনিয়ন যুবলীগের সাধারণ সম্পাদক মোস্তাফিজ কচি, যুগ্ম সম্পাদক শরীফ রতন, কুড়ুলগাছি ইউনিয়ন যুবলীগের সাংগঠনিক সম্পাদক আলমগীর হোসেন, কার্পাসডাঙ্গা ইউনিয়ন যুবলীগের প্রচার ও প্রকাশনা বিষয়ক সম্পাদক মেহেদী হাসান মিলন, জেলা ছাত্রলীগের সাবেক সহ-সভাপতি

রুবাইত বিন আজাদ সুস্থির, কার্পাসডাঙ্গা ইউনিয়ন ছাত্রলীগের সাবেক সাধারণ সম্পাদক কার্পাসডাঙ্গা বাজার দোকান মালিক সমিতির সাধারণ সম্পাদক সাজেদুল বিশ্বাস মিঠু, কুড়ুলগাছি ইউনিয়ন ছাত্রলীগের সভাপতি রমজান, সাধারণ সম্পাদক ফারুক, সাংগঠনিক সম্পাদক আশরাফুল, কার্পাসডাঙ্গা ইউনিয়ন ছাত্রলীগের সভাপতি কামরুজ্জামান রানা, সহ-সভাপতি তুহিন, সাধারণ সম্পাদক সানাউল কবির শিরিন, ফরহাদ হোসেন। সমগ্র অনুষ্ঠানটি পরিচালনা করেন কুড়ুলগাছি ইউনিয়ন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ওসমান গনি।
পরে সভায় সর্বসম্মতি ক্রমে দামুড়হুদা উপজেলা আওয়ামী লীগের সহ-সভাপতি হাবিবুল্লাহ বাহারকে সভাপতি ও কুড়ুলগাছি ইউনিয়ন আওয়ামী লীগের যুগ্ম সম্পাদক সরোয়ার হোসেন কে সাধারণ সম্পাদক করে নাম ঘোষণা করা হয়।

-কার্পাসডাঙ্গা প্রতিনিধি

মেহেরপুরে তারেক রহমান এর ৫৪তম জন্মবার্ষিকী পালন

“তোমার অপেক্ষায় বাংলাদেশ” এই শিরোনামে বিএনপি’র ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমান এর ৫৪ তম জন্মবার্ষিকী পালন করা হয়েছে। এ উপলক্ষে আলোচনা সভা ও দোয়া মাহফিলের আয়োজন করে।

বুধবার সকালে জেলা বিএনপির কার্যালয়ের সামনে এ কর্মসূচী পালন করা হয়। জেলা বিএনপির মাসুদ অরুনের সভাপতিত্বে অনুষ্ঠান অন্যদের মধ্যে বক্তব্য দেন জেলা বিএনপির সহ-সভাপতি আব্দুর রহমান, ইলিয়াছ হোসেন, আনছারুল হক প্রমুখ। অনুষ্ঠান পরিচালনা করেন পৌর বিএনপির সভাপতি জাহাঙ্গীর বিশ্বাস। অনুষ্ঠানে জেলা বিএনপি ও অঙ্গ সংগঠনের নেতাকর্মীরা অংশগ্রহণ করেন।

-নিজস্ব প্রতিনিধি

মেহেরপুরে পেঁয়াজসহ নিত্যপ্রয়োজনীয় দ্রব্যমূল্য বৃদ্ধির প্রতিবাদে বিএনপির সমাবেশ

মেহেরপুর শহরের বড়বাজারে পেঁয়াজসহ নিত্য প্রয়োজনীয় দ্রব্যমূল্য বৃদ্ধির প্রতিবাদে সমাবেশ করেছে জেলা বিএনপি। সোমবার সকাল ১০টার দিকে মেহেরপুর জেলা বিএনপির সভাপতি মাসুদ অরুনের সভাপতিত্বে এ সমাবেশ অনুষ্ঠিত হবে।

সমাবেশে জেলা বিএনপির সভাপতি মাসুদ অরুন বলেন, লুটেরা, কালো টাকার মালিক, জুয়াড়িদের হাতে রাষ্ট্র শাসন থাকলে জনগণের অধিকার পূরন হবে না। তিনি অবিলম্বে পেঁয়াজ, চালসহ দ্রব্যমুল্যের দাম কমানোর দাবী জানান।

সমাবেশে অন্যদের মধ্যে বক্তব্য দেন জেলা বিএনপির সভাপতি আব্দুর রহমান, ইলিয়াস হোসেন, ইদ্রিস আলী, আবু সুফিয়ান হাবু, মেহেরপুর পৌর বিএনপির সভাপতি জাহাঙ্গীর বিশ্বাস, জেলা যুবদলের সভাপতি জাহিদুল হক। সমাবেশে জেলা বিএনপির উপদেষ্টা ইদ্রিস আলী, তোজাম্মেল আযম, সদর উপজেলা বিএনপির সাধারণ সম্পাদক সাইফুল ইসলাম, বিএনপি নেতা সামসুল আলমসহ শতশত নেতাকর্মী অংশ নেন।
– নিজস্ব প্রতিনিধি

গাংনীতে যুবলীগের অপর অংশে

প্রতিষ্ঠা বার্ষিকী পালন

গাংনী প্রতিনিধি:
বাংলাদেশ আওয়ামী যুবলীগের ৪৭তম প্রতিষ্ঠা বার্ষিকী উপলক্ষ্যে মেহেরপুরের গাংনী পৌর মেয়র ও উপজেলা যুবলীগের আহ্বায়ক আশরাফুল ইসলাম কেক কেটে প্রতিষ্ঠা বার্ষিকী পালন করেন।
গতকাল সোমবার সন্ধ্যায় নিজ ভাসভবনের সামনে তিনি নেতা কর্মীদের নিয়ে প্রতিষ্ঠা বার্ষিকীর কেক কাটেন।
এ সময় উপজেলা ছাত্রলীগের সভাপতি হাসান রাজা সেন্টু, কলেজ ছাত্রলীগের নেতা হাসিবুল ইসলামসহ অন্যান নেতা কার্মীরা উপস্থিত ছিলেন।

এমপি সাহিদুজ্জামান খোকনকে এক হাত নিলেন নেতারা

গাংনী প্রতিনিধি:
মেহেরপুরের গাংনীতে আওয়ামী যুবলীগের ৪৭ তম প্রতিষ্ঠা বার্ষিকী পালিত হয়েছে।
গতকাল সোমবার বিকেলে বাংলাদেশ আওয়ামী যুবলীগ গাংনী উপজেলা শাখা আয়োজিত অনুষ্ঠানের উদ্বোধন করেন সাবেক এমপি মো: মকবুল হোসেন। প্রধান অতিথির বক্তব্য রাখেন উপজেলা চেয়ারম্যান ও জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক এম এ খালেক।
উপজেলা যুবলীগের সভাপতি মো: মোশাররফ হোসেন এর সভাপতিত্বে ও সাধারণ সম্পাদক হাজী মো: শফি কামাল পলাশ এর সঞ্চালনায় অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন, উপজেলা পরিষদের মহিলা ভাইস চেয়ারম্যান ফারহানা ইয়াসমীন, আওয়ামী লীগ নেতা শহিদুল ইসলাম শাহ, মুক্তিযোদ্ধা স্মৃতি পাঠাগারের সভাপতি ইয়াছিন রেজা, সাবেক মুক্তিযোদ্ধা কমান্ডার হাবিবুর রহমান, সাবেক পৌর মেয়র আহম্মেদ আলি, মটমুড়া ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি আবুল হাশেম, সাবেক ছাত্র নেতা ইসমাইল হোসেন, উপজেলা ছাত্রলীগের সভাপতি তৌহিদুল ইসলাম, সাধারণ সম্পাদক বিপ্লব হোসেন, পৌর ছাত্রলীগের সাধারণ সম্পাদক

ইমরান হাবিব, ছাত্রলীগ নেতা আসিফ ইকবাল অনিক প্রমুখ।
আলোচনা সভায় বক্তারা বর্তমান এমপি সাহিদুজ্জামান খোকনের কর্মকান্ড নিয়ে ব্যাপক সমালোচনা করে বলেন, কয়দিন হলো সংসদ সদস্য হয়ে তিনি আলাদিনের চেরাগ হাতে পেয়েছেন। নির্বাচিত হওয়ার আগেও তিনি বিভিন্ন নেতাদের কাছে হাত পেতে টাকা নিয়েছেন। আর তিনি গাংনীর আওয়ামী লীগকে যারা সু-সংগঠিত করে রেখেছে তাদের বিরুদ্ধে তিনি কথা বলেন।
“সাবেক এমপি মকবুল হোসেন কে আওয়ামী লীগের রাজনীতিতে নিয়ে আসা হয়েছে” এমপি সাহিদুজ্জামান খোকনের এমন বক্তব্যকে প্রতিবাদ জানিয়ে যুবলীগের সাধারণ সম্পাদক শফি কামাল পলাশ বলেন, সাবেক এমপি মকবুল হোসেন ৭৩ সালে আলমডাঙ্গা কলেজ ছাত্রলীগের জি এস ছিলেন ও তার পরিবারের ৭জন সরাসরি মুক্তিযুদ্ধে অংশ নেয়।
আর এমপি সাহিদুজ্জামান খোকন রাজাকারের ছেলে হয়ে কিভাবে বলে সাবেক এমপি মকবুল হোসেন আওয়ামী লীগ করেনি।
বক্তারা বর্তমান এমপির সমালোচনা করতে গিয়ে বলেন, এমপি সাহিদুজ্জামান বিভিন্ন বিদ্যালয়ে এমপিও ভুক্ত ও শিক্ষক নিয়োগ সহ বিভিন্ন নিয়োগের নামে জনগনের কাছ থেকে লাখ লাখ টাকা নিয়েছেন বলে ফিরিস্তি তুলে ধরেন।
আলোচনা সভায় বক্তারা হুশিয়ারী উচ্চারণ করে এমপি সাহিদুজ্জামান খোকনকে উদ্দেশ্য করে বলেন, রাজনীতির মাঠে গঠনমূলক সমালোচনা করবেন। আওয়ামী লীগের কোন নেতাকে ভয় ভীতি দেখিয়ে লাভ হবেনা। রাজনীতি করতে এসে আপনার সাথে আওয়ামী লীগের পরিচয় জানতে হবেনা। এলাকার জনগন জানে কে কবে থেকে আওয়ামী লীগ করে।
এসময় জেলা আওয়ামী লীগের কৃষি বিষয়ক সম্পাদক ফজলুল হক, পৌর আওয়ামী লীগের সভাপতি সানোয়ার হোসেন বাবলু, সাধারণ সম্পাদক আনারুল ইসলাম বাবু, সাবেক এমপি মকবুল হোসেন এর একান্ত সহকারি ও জেলা ছাত্রলীগের সাবেক সহ-সভাপতি সাহিদুজ্জামান শিপু, আওয়ামী লীগ নেতা মেহেদি হাসান, যুবলীগ নেতা আনোয়ার পাশা, রবিউল ইসলাম সহ বিভিন্ন ইউনিটে সভাপতি সাধারণ সম্পাদক সহ নেতা কর্মীরা উপস্থিত ছিলেন।
অনুষ্ঠান শুরুর আগে জাতীয় ও যুবলীগের দলীয় পতাকা উত্তোলন শান্তির প্রতীক সাদা পায়রা উড়িয়ে অনুষ্ঠানের উদ্বোধন করেন সাবেক এমপি ও বীর মুক্তিযোদ্ধা মকবুল হোসেন।
অনুষ্ঠান শেষে কেক কেটে নেতা কর্মীরা একে অপরের মুখে তা তুলে দেন।

মেহেরপুরে মৃদুলের নেতৃত্বে যুবলীগের প্রতিষ্ঠা বার্ষিকী পালন

জেলা যুবলীগের যুগ্ম আহবায়ক সরফরাজ হোসেন মৃদুলের নেতৃত্বে যুবলীগের ৪৭তম প্রতিষ্ঠা বার্ষীকি পালন করা হয়েছে। এ উপলক্ষে জেলা আওয়ামী লীগের কার্যালয় থেকে একটি আনন্দ র্যালী বের করা হয়।

র্যালীটি মেহেরপুর শহরের প্রধান সড়ক প্রদক্ষিণ করে পুনরায় জেলা আওয়ামী লীগের কার্যালয়ে এস শেষ হয়। পরে সেখানে কেক কেঁটে প্রতিষ্ঠা বার্ষিকী উদযাপন করা হয়।

এসময় উপস্থিত ছিলেন, মুজিবনগর উপজেলা যুবলীগের সভাপতি কামরুল হাসান চান্দু, শহর যুবলীগের সভাপতি শেখ কামাল, সাধারণ সম্পাদক তৌহিদুল ইসলাম, জেলা যুবলীগের সাবেক সাংগঠনিক সম্পাদক মিজানুর রহমান হিরন, জেলা যুবলীগর সাবেক সহ সভাপতি শামীম, জেলা ছাত্রলীগের সাবেক সভাপতি বারিকুল ইসলাম লিজন, সহ সভাপতি একে আজাদ সাগর, যুবলীগ নেতা কামাল হোসেন জুয়েল সহ যুবলীগের নেতা কর্মিরা।

- নিজস্ব প্রতিনিধি